গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd



নম্বর- ৫৮.০২.০০০০.০০৬.১২.০০৩.২৫- ২৯৫২

তারিখ : ১৫ শ্রাবণ, ১৪৩৩
৩০ জুলাই, ২০২৬

## নিয়োগ পত্র

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত ১৬তম গ্রেডে **রিসিপশনিষ্ট** পদে নিম্নবর্ণিত ০১ জন প্রার্থীকে উল্লিখিত পদ ও বেতনক্রম টা: ৯৩০০-২২৪৯০/- (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) মোতাবেক ৩ নং অনুচ্ছেদে বর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো :

| Serial | Applicant's Name & Roll No | Father's & Mother's Name | Permanent Address |
|---|---|---|---|
| 1. | MOSUMMOT AFSANA<br>16000466 | MD. MOSLIM UDDIN<br>LATE AFROZA BEGUM | Village : BHUIYAN BARI<br>Post Office: DAUKARCHAR<br>Upazila : Roypura<br>District : Narsingdi<br>Post Code : 1631 |

২. যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে।

৩. নিয়োগের শর্তাবলি :

ক. কোন প্রকার মাদকসেবী/মাদকাসক্ত এ পদে নিয়োগপ্রাপ্ত হবার যোগ্য হবেন না।

খ. চাকরিতে যোগদানের সময় সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর বা পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত শারীরিকভাবে উপযুক্ততার সনদপত্র, ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি এবং জাতীয় পরিচয়পত্র (NID)/জন্ম নিবন্ধন সনদসহ পূরণকৃত Application Form-এর কপি দাখিল করতে হবে।

খ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন।

গ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তির দাখিলকৃত সনদপত্র/তথ্যাদিতে কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে বা শিক্ষানবিশকালীন সময়ে অন্য কোনো কারণে কর্তৃপক্ষের কাছে সন্তোষজনক মনে না হলে, ৩০ (ত্রিশ) দিনের নোটিশে অথবা ৩০ (ত্রিশ) দিনের বেতন প্রদানপূর্বক কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে চাকরি থেকে অপসারণ করতে পারবেন।

ঘ. শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে।

ঙ. একজন জামিনদারসহ তাঁকে ৩০০ (তিনশত) টাকা মূল্যের স্ট্যাম্পে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি যদি শিক্ষানবিশকালীন অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার পরবর্তী ০৩ (তিন) বছরের মধ্যে চাকরি থেকে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে প্রদত্ত বেতন, অনুতোষিক ও প্রশিক্ষণের ব্যয় বাবদ সকল অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন।

চ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের চাকরি সংক্রান্ত সকল আইন, বিধি, প্রজ্ঞাপন, আদেশ অথবা সরকারের সময়ে সময়ে জারীকৃত সকল বিধি নিষেধ এর আওতাভুক্ত থাকবেন।

ছ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি বাংলাদেশের যেকোনো স্থানে চাকরি করতে বাধ্য থাকবেন।

জ. সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী চাকরিতে তাঁর/তাঁদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।

ঝ. এ পত্রে যেসব বিষয়ে সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি, সেসব ক্ষেত্রে এবং চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আইন, বিধি ও সরকার কর্তৃক প্রণীতব্য বিধি-বিধান প্রযোজ্য হবে।

ঞ. চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রাপ্য হবেন না।

৪. উপর্যুক্ত শর্তাবলি যদি তাঁর কাছে গ্রহণযোগ্য হয়, তাহলে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে আগামী **০৯ আগস্ট, ২০২৬** তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ৪১ সেগুনবাগিচা, ঢাকায় যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে যোগদান না করলে ধরে নেওয়া হবে যে, তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন এবং সে ক্ষেত্রে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৫. প্রার্থী বর্তমানে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত আছেন, তাঁদের অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনক্রমে যথাযথ ছাড়পত্র (Relieving Order) দাখিল করতে হবে। ছাড়পত্র ব্যতীত যোগদানপত্র গ্রহণযোগ্য হবে না।

৬. যোগদানপত্র মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ৪১ সেগুনবাগিচা, ঢাকা বরাবর লিখিতভাবে দাখিল করতে হবে।

৭. জনস্বার্থে এ নিয়োগপত্র জারি করা হলো।

মোঃ হাসান মারুফ ৩০/০৭/২০২৬

(মোঃ হাসান মারুফ)
মহাপরিচালক
☏ +৮৮০২-২২৬৬৬৪৪০০

নম্বর- ৫৮.০২.০০০০.০০৬.১২.০০৩.২৫- ২৯৫২

তারিখ : ১৫ শ্রাবণ, ১৪৩৩
৩০ জুলাই, ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা
৪. পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা/অপারেশন/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা
৫. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/ সিলেট/রংপুর/ ময়মনসিংহ/ গোয়েন্দা শাখা, ঢাকা
৬. উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, .......................................................(সকল)
৭. সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ..............................................(সকল)
৮. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার , স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৯. সহকারী পরিচালক/সহকারী রাসায়নিক পরীক্ষক,...............,.........................................................(সকল)
১০. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব কর্মকর্তা, ............................................................
১১. মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩. জনাব ..........................................................................................
১৪. অফিস কপি

Rajib 30.07.26

(রাজিব মিনা)
উপপরিচালক (প্রশাসন)
☏ +৮৮০২২২৬-৬৬৪৭০৭